

১/১১
২০/১১
৩ (১৭৬)



জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
বাংলাদেশ

১৭৬
৩০/০১/২০২৫

Website: ems.nu.ac.bd অথবা www.nubd.info/honours

স্মারক নং-জাতীয়বিঃ/পনি/অনার্স পার্ট-৩/বিজ্ঞপ্তি/০২(অংশ-২)/২০২৩/২০২৫/১৮৯৯ তারিখ : ৩০/০১/২০২৫ খ্রিঃ

২০২৩ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সম্পূরক বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার শিক্ষার্থীদের আবেদন ফরম পূরণ, ডাটা এন্ট্রি ও সোনালী সেবার মাধ্যমে ফি জমাদানের তারিখ নিম্নলিখিত ছক অনুযায়ী বর্ধিত করা হলো।

আবেদন ফরম পূরণের তারিখ	ডাটা এন্ট্রি নিশ্চয়নের শেষ তারিখ	সোনালী সেবার মাধ্যমে টাকা জমার শুরু ও শেষ তারিখ	বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদান/সংরক্ষণ সম্পর্কিত
০৬/০২/২০২৫ বৃহস্পতিবার থেকে ২৫/০২/২০২৫ মঙ্গলবার পর্যন্ত	২৬/০২/২০২৫ বুধবার থেকে ২৭/০২/২০২৫ বৃহস্পতিবার রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত	০২/০৩/২০২৫ রবিবার সকাল ১০:০০ টা থেকে ০৪/০৩/২০২৫ মঙ্গলবার বিকাল ৪:০০ টা পর্যন্ত	বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদান/সংরক্ষণ সম্পর্কিত বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র ২০২৩ সালের পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ০৪ মাস পর্যন্ত সংশ্লিষ্ট কলেজে সংরক্ষণ করবেন। (আঞ্চলিক কেন্দ্রে জমা দেয়ার প্রয়োজন নাই)

২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :

বিভিন্ন কলেজের অধ্যক্ষ মহোদয়ের সুপারিশকৃত শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে অনার্স ১ম বর্ষ ও ২য় বর্ষে Promoted কিন্তু অনার্স ৩য় বর্ষের এক বা একাধিক কোর্সে (I) গ্রেড রয়েছে এবং অনার্স ৪র্থ বর্ষে অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে (I) গ্রেড রয়েছে সে সকল শিক্ষার্থীরা অনার্স ৩য় বর্ষের এক বা একাধিক কোর্সে ফরম পূরণ বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা এবং জরিমানা বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা সর্বমোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২৩ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। কোন শিক্ষার্থী ফরম পূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আবেদন করতে পারবে না।

বিঃ দ্রঃ স্মারক নং-জাতীয়বিঃ/পনি/অনার্স পার্ট-৩/বিজ্ঞপ্তি/০২(অংশ-২)/২০২৩/২০২৫/১৮৯৯, তারিখ : ০৫/০১/২০২৫ খ্রিঃ এ প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য নিয়ম ও শর্তাবলী অপরিবর্তিত থাকবে।


(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইল : controller@nu.ac.bd